অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সাংবাদিকদের জন্য প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) কর্তৃক ‘নির্বাচনকালীন সাংবাদিকতা’ বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণের উদ্বোধন হয় গত বুধবার সকালে চুয়াডাঙ্গা সার্কিট হাউস অডিটরিয়ামে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, প্রশিক্ষণ কো-অর্ডিনেটর সাহানোয়ার সাইদ শাহীন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি নাজমুল হক স্বপন।

বিশেষ অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শাহ আলম সনি, বাংলাদেশ সাংবাদিক সমিতির চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সভাপতি অ্যাডভোকেট রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক হুসাইন মালিক, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম ও সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

প্রশিক্ষণে চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন গণমাধ্যমে কর্মরত প্রায় ৫০ জন সাংবাদিক অংশগ্রহণ করেন। উদ্বোধনী দিনে ইউল্যাবের শিক্ষক ও সাংবাদিক নাজিয়া আফরিন মনামী নির্বাচনী সাংবাদিকতার বিভিন্ন দিক তুলে ধরেন। আলোচনার মধ্যে ছিল নির্বাচনকালীন আচরণবিধি, সংবাদ সংগ্রহে নিরাপত্তা, ভুয়া তথ্য ও গুজব প্রতিরোধ, রাজনৈতিক দলের সমান গুরুত্ব প্রদান এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে দায়বদ্ধ প্রতিবেদন প্রণয়নের বিষয়।

কর্মশালার দ্বিতীয় দিনে অর্থাৎ সমাপনী অধিবেশনে প্রশিক্ষক ছিলেন, ঢাকা মেইলের নির্বাহী সম্পাদক হারুন জামিল।

প্রশিক্ষণ প্রদানকালে তিনি বলেন, বর্তমান সময়ে তথ্যপ্রযুক্তির কারণে গুজব দ্রুত ছড়ায়। জনগণ সত্য জানতে গণমাধ্যমের দিকে তাকায়। এই আস্থার মর্যাদা রক্ষার জন্য সাংবাদিকদের প্রতিটি সংবাদ যথাযথভাবে যাচাই-বাছাই করা জরুরি। বিশেষ করে নির্বাচনকালীন সময়ে ভুল সংবাদ বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারে। তাই নিরপেক্ষ ও

বস্তুনিষ্ঠ সাংবাদিকতা চর্চা করতে হবে।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বলেন, আমরা একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে চাই। ভোটাররা উৎসবমুখর পরিবেশে ভোট দিবেন এবং অনিয়ম বা জাল ভোটের ক্ষেত্রে প্রশাসন জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে।

জেলা প্রশাসক আরও বলেন, চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন আরও বলেন, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন নিশ্চিত করতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। তারা দায়িত্বশীল ও নিরপেক্ষ সংবাদ পরিবেশনের মাধ্যমে দেশবাসীর কাছে সঠিক তথ্য পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

দুই দিনের প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী সাংবাদিকদের হাতে পিআইবি’র পক্ষ থেকে সনদপত্র প্রদান করা হয়।

ঝিনাইদহে মাসব্যাপী মেয়েদের কারাতে প্রশিক্ষণের সমাপ্তী ও সনদ বিতরণ

ঝিনাইদহে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৩-২৪ অর্থবছরের আওতায় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের মেয়েদের আত্ম-রক্ষার্থে মাসব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপ্ত ও সনদ বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর) দুপুরে সদর উপজেলা পরিষদের অডিটোরিয়ামে মাসব্যাপী এ প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সমাপনী বক্তব্য রাখেন এবং সনদপত্র বিতরণ করেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

সেসময় সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মিজানুর রহমান ও সোতোকান কারাতে দো ঝিনাইদহের পরিচালক প্রশিক্ষক কাজী আলী

আহাম্মেদ লিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মাসব্যাপী কারাতে প্রশিক্ষণে অংশ নেয় প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের চারটি স্কুলের ২৫ জন মেয়ে শিক্ষার্থীর মাঝে সনদ বিতারণ করা হয় ।

মুজিবনগরের যুব প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মোনাখালি শাখায় যুব প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে। দরিদ্র দূরীকরণের লক্ষ্যে দারিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি সমৃদ্ধি কর্মসূচির আওতায় যুব প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি (পি এস কে এস) এর আয়োজনে, উন্নয়নে যুব সমাজের অষ্টম ব্যাচের যুব প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ।

৮ টি ব্যাচে ২০০ জন যুবকে স্বপ্ন আমার উদ্যোক্তা হব শিরোনামের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে যুবদের উদ্দেশ্যে আলোচনা করেন ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন। প্রশিক্ষণ প্রদান করেন মোহাম্মদ হাসানুজ্জামান সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী ও রহিম আক্তার সমাজ উন্নয়ন কর্মকর্তা মোনাখালী শাখা।

মুজিবনগরে পলাশীপাড়ার ২ দিন ব্যাপি প্রশিক্ষণ শেষ, সনদ বিতরণ

মুজিবনগরে “দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচী” ‘উন্নয়নে যুব সমাজ” কার্যক্রমের আওতায় ‘স্বপ্ন আমার উদ্যোক্তা হবো’ শীর্ষক ভিডিও ভিত্তিক প্রশিক্ষন কর্মশালা শেষে সদন বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর বাস্তবায়নে, সমিতির মুজিবনগর উপজেলার মোনাখালি অফিস হল রুমে এ প্রশিক্ষন ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়।

সনদ বিতরণ অনুষ্ঠানে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর মোনাখালি ব্রাঞ্চ ম্যানেজার মোহাম্মদ হাসানুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন। এছাড়াও উপস্হিত ছিলেন, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর সমাজ উন্নয়ন কর্মকর্তা রহিম আক্তার সাগর।

“দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচী” ‘উন্নয়নে যুব সমাজ” কার্যক্রমের আওতায় ‘স্বপ্ন আমার উদ্যোক্তা হবো’ শীর্ষক ভিডিও ভিত্তিক প্রশিক্ষনের আওতায় ২০০ জনকে প্রশিক্ষন দেওয়া হবে।

এ পর্যন্ত ৪ ধাপে ২৫ জন করে ১০০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে বলে জানান ব্রাঞ্চ ম্যানেজার মোহাম্মদ হাসানুজ্জামান।

মেহেরপুরে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ

স্মার্ট বাংলাদেশ গড়তে সমাজ কল্যাণ মন্ত্রনালয়ের সহায়তায় মেহেরপুরে বহুমুখী মানব কল্যাণ সংস্থার উদ্যোগে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র বিতরন করা হয়েছে ।

আজ শনিবার দুপুরে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে সনদপত্র বিতরনের উদ্বোধন করেন মাগুরা ১ আসনের সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর। অনুষ্টানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া ইসলামী বিশ^বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর শেখ আব্দুস সালাম। ব

ক্তব্য রাখেন বহুমুখী মানব কল্যান সংস্থার নির্বাহী চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল। পরে জেলা পর্যায় থেকে অতিথিরা প্রশিক্ষনার্থীদের হাতে সনদ তুলে দেন।

মেহেরপুর বহুমুখী মানব কল্যান সংস্থার সভাপতি অবসরপ্রাপ্ত প্রভাষক নুরুল আহমেদ, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম এসময় সেখানে উপস্থিত ছিলেন।

অতিথিরা তাদের বক্তব্যে বলেন, পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নই হচ্ছে বর্তমান সরকারের মুল লক্ষ্য। সেই লক্ষেই বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এই কারনে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনের মাধ্যেমে দক্ষ করে গড়ে তোলা হচ্ছে যাতে তারা নিজেদের পায়ে নিজেরা দাড়াতে পারে।

বহুমুখী মানব কল্যাল সংস্থার মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদাহ, মাগুরা ও কুষ্টিয়া জেলার ১ হাজার ২ শত শিক্ষার্থীর মাঝে এ সনদপত্র বিতরন করা হয়।

গাংনীতে দেরিতে যুব দিবসের র্যালি শুরু

জাতীয় যুব দিবস উপলক্ষে গাংনী উপজেলা যুব উন্নয়ন আয়োজিত র্যালি সাড়ে ৯ টার পরিবর্তে সকাল সাড়ে ১০ টার সময় শুরু হওয়ায় অংশগ্রহণকারীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। বিশেষ করে নারী ও শিশুরা বিড়ম্বনায় পড়েন।

“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ প্রতিপাদ্য নিয়ে গাংনীতে যুব দিবসের র্যালি ও আলোচনা সভা ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ সোমবার (১ নভেম্বর) বেলা সাড়ে ১১ টার সময় র্যালি উপজেলা পরিষদ থেকে বের হয়ে গাংনী হাসপাতাল বাজার ঘুরে একই স্থানে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত আলাচেনা সভা ও প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মেহেরপুর—২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি আওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক সাংগাঠনিক সম্পাদক আমিরুল ইসলাম। এসময় সরকারি অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান।
পরে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

এদিকে সকাল সাড়ে ৯ টার সময় র্যালি শুরু করার কথা থাকলেও প্রায় এক ঘন্টা পরে র্যালি শুরু হয়। এতে বিভিন্ন স্থান থেকে আসা নারীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়।
এব্যাপারে গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান বলেন

প্রধান অতিথি আসতে দেরি হওয়ায় র্যালি শুরু হতে দেরি হয়েছে।